# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫৫২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৫৪]

৩৯। শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৭. অনুমতি গ্রহণ প্রসঙ্গে

## باب الاِسْتِئْذَانِ

আরবী

حَدَّثَنَا حُسَيْنُ بْنُ حُرَيْثٍ أَبُو عَمَّارٍ، حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى، أَخْبَرَنَا طَلْحَةُ بْنُ، يَحْيَى عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَى الأَشْعَرِيِّ، قَالَ جَاءَ أَبُو مُوسَى إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ هَذَا عَبْدُ اللَّهِ بْنُ قَيْسٍ . فَلَمْ يَأْذَنْ لَهُ فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ هَذَا أَبُو مُوسَى السَّلاَمُ عَلَيْكُمْ هَذَا الأَشْعَرِيُّ . ثُمَّ انْصَرَفَ فَقَالَ رُدُّوا عَلَىَّ رُدُّوا عَلَىَّ . فَجَاءَ فَقَالَ يَا أَبَا مُوسَى مَا رَدَّكَ كُنَّا فِي شُغْلٍ . قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " الاِسْتِئْذَانُ ثَلاَثٌ فَإِنْ أُذِنَ لَكَ وَإِلاَّ فَارْجِعْ " . قَالَ لَتَأْتِيَنِّي عَلَى هَذَا بِبَيِّنَةٍ وَإِلاَّ فَعَلْتُ وَفَعَلْتُ . فَذَهَبَ أَبُو مُوسَى قَالَ عُمَرُ إِنْ وَجَدَ بَيِّنَةً تَجِدُوهُ عِنْدَ الْمِنْبَرِ عَشِيَّةً وَإِنْ لَمْ يَجِدْ بَيِّنَةً فَلَمْ تَجِدُوهُ . فَلَمَّا أَنْ جَاءَ بِالْعَشِيِّ وَجَدُوهُ قَالَ يَا أَبَا مُوسَى مَا تَقُولُ أَقَدْ وَجَدْتَ قَالَ نَعَمْ أُبَىَّ بْنَ كَعْبٍ . قَالَ عَدْلٌ . قَالَ يَا أَبَا الطُّفَيْلِ مَا يَقُولُ هَذَا قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ ذَلِكَ يَا ابْنَ الْخَطَّابِ فَلاَ تَكُونَنَّ عَذَابًا عَلَى أَصْحَابِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . قَالَ سُبْحَانَ اللَّهِ إِنَّمَا سَمِعْتُ شَيْئًا فَأَحْبَبْتُ أَنْ أَتَثَبَّتَ .

বাংলা

৫৫২৬-(৩৭/২১৫৪) আবূ আম্মার হুসায়ন ইবনু হুরায়স (রহঃ) ..... আবূ বুরদাহ (রহঃ) এর সানাদে আবূ মূসা আশ’আর (রাযিঃ) হতে বর্ণিত। আবূ বুরদাহ (রহঃ) বলেন, আবূ মূসা (রাযিঃ) উমার ইবনুল খাত্তাব (রাযিঃ) এর নিকট এসে বললেন, আসসালামু ’আলাইকুম– এ (আমি) আবদুল্লাহ ইবনু কায়স। তবে তিনি তাকে অনুমতি দিলেন না। তখন (পুনরায়) বললেন, আসসালামু ’আলাইকুম- এ যে, আবূ মূসা। আসসালামু আলাইকুম-এ যে আশ’আরী। তারপর (উত্তর না পেয়ে) চলে গেলেন। সে সময় উমার (রাযিঃ) বললেন, (তাকে) আমার নিকট ডেকে নিয়ে আসো। আমার নিকট ফিরিয়ে নিয়ে আসো। প্রত্যাবর্তন শেষে তিনি বললেন, কিসে তোমাকে ফিরিয়ে

দিল, হে আবূ মূসা? আমরা কোন কর্মে মশগুল ছিলাম। তিনি বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে আমি বলতে শুনেছি— 'অনুমতি প্রার্থনা তিনবার। এতে তোমাকে অনুমতি দেয়া হলে ভাল, নতুবা ফিরে যাবে।

উমার (রাযিঃ) বললেন, এ ব্যাপারে অবশ্যই তুমি আমার নিকট প্রমাণাদি নিয়ে আসবে। নতুবা আমি এমন করব, তেমন করব, (সাজা দিব)। তখন আবূ মূসা (রাযিঃ) ফিরে গেলেন। উমার (রাযিঃ) বললেন, প্রমাণ যোগাড় করতে পারলে, বিকালে তাকে তোমরা মিম্বারের নিকট দেখতে পাবে, আর যদি প্রমাণ না পায়, তাহলে তোমরা তাকে দেখতে পাবে না। বিকালে তিনি এলে তারা তাকে (মিম্বারের নিকট দেখতে) পেল। উমার (রাযিঃ) বললেন, হে, আবূ মূসা কি বলছ? প্রমাণ পেয়েছ? তিনি বললেন, হ্যাঁ- উবাই ইবনু কা'ব! তিনি বললেন, ইনি ন্যায়পরায়ণ। তারপর উবাই ইবনু কা'ব (রাযিঃ) কে লক্ষ্য করে বললেন- হে আবূ তুফায়ল!* ইনি কী বলেন? তিনি বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এমন বলতে আমি শুনেছি হে ইবনুল খাত্তাব! আপনি কখনো রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণের জন্য শাস্তি স্বরূপ হয়ে পড়বেন না। তিনি বললেন, সুবহানাল্লাহ! (আমি তা কখনো চাই না)। আমি তো একটি বিষয় শোনার পর সে ব্যাপারে সুনিশ্চিত হতে আমার আগ্রহ প্রকাশ করেছি। (ইসলামিক ফাউন্ডেশন ৫৪৪৮, ইসলামিক সেন্টার ৫৪৭০)

## English

Abu Musa Ash'ari reported that he went to 'Umar b. Khattab and greeted him by saying:
As-Salamu-'Alaikum, here is 'Abdullah b. Qais, but he did not permit him (to get in). He (Abu Musa Ash'ari) again greeted him with as-Salamu-'Alaikum and said: Here is Abu Musa, but he (Hadrat 'Umar) did not permit him (to get in). He again said: As-Salam-u-'Alaikum, (and said) here is Ash'ari, (then receiving no response he came back). He (Hadrat 'Umar) said: Bring him back to me, bring him back to me So he went there (in the presence of Hadrat 'Umar) and he said to him: Abu Musa, what made you go back, while we were busy in some work? He said: I heard Allah's Messenger (may. peace be upon him) as saying: Permission should be sought thrice. And if you are permitted, (then get in), otherwise go back. He said: Bring witness to this fact, otherwise I shall do this and that, i. e. I shall punish you. Abu Musa went away and 'Umar said to him (on his departure): It he (Abu Musa) finds a witness he should meet him by the side of the pulpit in the evening and it he does not find a witness you would not find him there. When it was evening he (Hadrat 'Umar) found him (Abu Musa) there. He (Hadrat 'Umar) said: Abu Musa, have you been able to find a witness to what you have said? He said: Yes. Here is Ubayy bin Ka'b, whereupon he (Hadrat 'Umar) said: Yes, he is an authentic (witness). He (Hadrat 'Umar) said: Abu Tufail (the kunya of Ubayy b. Ka'b), what does he (Abu Musa say? Thereupon he said: Ibn Khattab, I heard Allah's Messenger (ﷺ) as saying so. Do not prove to be a hard (task-master) for the Companions of Allah's Messenger (ﷺ), whereupon he Hadrat

'Umar said: Hallowed be Allah. I had heard something (in this connection), but I wished it to be established (as an undeniable fact).

## ফুটনোট

* আবূ তুফায়ল- উবাই ইবনু কা’ব (রাযিঃ) এর একটি উপনাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ‘আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=52620

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন